ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৬১৪
খোয়াই,৮ মে,২০২৫

**৫ এবং ৬ জুন খোয়াইয়ে ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা**

আগামী ৫ এবং ৬ জুন খোয়াই পুরাতন টাউনহলে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে জেলাভিত্তিক ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় বিভিন্ন বিদ্যালয় ও সংস্থার শিল্পীগণ অংশ নেবেন। আজ জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে খোয়াই জিলা পরিষদের সভাধিপতির কক্ষে এই প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে খোয়াই পুরপরিষদের সদস্য পীযূষ কান্তি চৌধুরী, জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য, তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা দিলীপ দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠকে জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) বলেন, সরকার রাজ্যের সামগ্রিক উন্নয়নের পাশাপাশি বিভিন্ন জাতিগোষ্ঠীর কৃষ্টি সংস্কৃতির বিকাশে কাজ করে চলেছে। এরই অঙ্গ হিসেবে নানা সাংস্কৃতিক কর্মকান্ড অনুষ্ঠিত হচ্ছে। তিনি এই প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দিতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন।

*****